



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

পিএবিএক্স: ৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স: ৫৫০৭৯৪৪৩

e-mail: dg@nimc.gov.bd, website: www.nimc.gov.bd

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০১.১২.০১৪.১৭.৭২৪৬

১৫ কার্তিক ১৪২৪, বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০১৭, খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি


(শুধু মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের জন্য)

তথ্য মন্ত্রণালয়ধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নিম্নবর্ণিত রাজস্ব খাতের শূন্য পদ পূরণ করার লক্ষ্যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের কাছ থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্র অনুযায়ী চাকরির নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আস্থান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন গ্রেড	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪		
০১।	টেলিফোন অপারেটর	গ্রেড-১৬	৮ ৯ ৩০০-২২৪৯০/-	০১(এক)টি	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

- আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর আগামি ১৯ নভেম্বর, ২০১৭ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোনো আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:
 - সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) ১-৩৩৩৬-০০০০-২৬৮১ কোডে ট্রেজারী চালান মাধ্যমে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা বরাবর জমা দিতে হবে। ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক প্রমাণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর বা পৌরসভার ক্ষেত্রে পৌর মেয়র/কাউন্সিলর এর নিকট হতে প্রাপ্ত সনদপত্রের কপি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
- ১ নভেম্বর, ২০১৭ তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক প্রমাণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর বা পৌরসভার ক্ষেত্রে পৌর মেয়র/কাউন্সিলর এর নিকট হতে প্রাপ্ত সনদপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। মুক্তিযোদ্ধার সনদপত্রে কোন ধরনের ত্রুটি পরিলক্ষিত/প্রমাণিত হলে আবেদনপত্র বা নিয়োগ বাতিল করা হবে।
- সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফুইড ব্যবহার করা যাবে না।
- প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং মৌখিক পরীক্ষা গ্রহণকালে সকল সনদের ০১(এক) সেট ফটোকপি জমা প্রদান করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- আগামি ২৫ নভেম্বর, ২০১৭ খ্রি: তারিখে উক্ত পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাথমিক বাছাইয়ে বৈধ আবেদনকারীদের তালিকা ও লিখিত পরীক্ষার সময়সূচি ২২ নভেম্বর, ২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ ইনস্টিটিউটের ওয়েবসাইটের (www.nimc.gov.bd) মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এজন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। পরীক্ষার হলে প্রত্যেক বৈধ পরীক্ষার্থীদের প্রবেশপত্র সরবরাহ করা হবে।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এ ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.nimc.gov.bd) নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যাবে।


৩০. ১০. ২০১৭

(মোহা. ওয়ালিউর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম-সচিব)
ও সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট